# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২৩-৩১

তারিখঃ ১৪/০১/১৪৩০ বঙ্গাঃ
২৭/০৪/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর আওতাধীন কর্মরত জনাব মো: রাশেদুল ইসলাম (আইডি নং- ৯২০১০৮০০১), হেলপার, অপারেশন এন্ড ওয়ার্কশপ শাখা- ২ এর বিরুদ্ধে মানহানি ও চাঁদাবাজি মামলায় পুলিশ কর্তৃক গ্রেপ্তারের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী এর স্মারক নং- তিযাবি/২০২২-২০২৩/১৭৬৮ তারিখঃ ১৩/০৪/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে পরিচালক, শৃংখলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকাকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। নির্বাহী প্রকৌশলী কর্তৃক বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বরাবর বে-আইনী জনতায় দলবদ্ধ হয়ে উগ্রতা প্রদর্শন করত: অফিস কক্ষে অনধিকার প্রবেশ করে সরকারী কর্মচারীকে সরকারী কর্তব্য কাজে বাঁধা প্রদানের উদ্দেশ্যে স্বেচ্ছায় আঘাতদান, অন্যায় আক্রমণ ও বল প্রয়োগ করে মৃত্যু বা গুরুতর জখমের ভয় দেখিয়ে চাঁদা দাবী এবং প্রাণনাশের হুমকী প্রদান সংক্রান্ত অপরাধে মামলা দাখিল করা হয়েছে। দায়েরকৃত মামলার ধারার ভিত্তিতে ও বিধি মোতাবেক তদন্ত কার্যক্রমের স্বার্থে ডিমলা থানার দায়িত্বপ্রাপ্ত এস.আই কর্তৃক জনাব মো: রাশেদুল ইসলাম (আইডি নং- ৯২০১০৮০০১), হেলপার, অপারেশন এন্ড ওয়ার্কশপ শাখা- ২, নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগকে বিগত ১২/০৪/২০২৩খ্রিঃ তারিখ দিবাগত রাত আনুমানিক ১.১৫ ঘটিকা নাগাদ ডালিয়া, বাপাউবো বাসা থেকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করায় বিজ্ঞ বিচারক কর্তৃক ১৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখে জেল হাজতে প্রেরণ করেন মর্মে নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী বিষয়টি নিশ্চিত করেন। গত ১২/০৪/২০২৩ খ্রিঃ তারিখে জনাব মো: রাশেদুল ইসলাম (আইডি নং- ৯২০১০৮০০১), হেলপার, অপারেশন এন্ড ওয়ার্কশপ শাখা-২ পুলিশ কর্তৃক গ্রেফতার করতঃ জেল হাজতে প্রেরণ করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক তাকে ১২/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অর্থাৎ গ্রেফতারের তারিখ হতে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন ।

৩। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৭/০৪/২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৬০৮০৫০০২

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২৩-৩১(১২)

তারিখঃ ১৪/০১/১৪৩০ বঙ্গাঃ
২৭/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, আলমনগর, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, আলমনগর, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৭. হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মো: রাশেদুল ইসলাম, হেলপার (সাময়িক বরখাস্তকৃত), অপারেশন এন্ড ওয়ার্কশপ শাখা- ২, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।

২৭/০৪/২০২৩
(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১